# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 JULY 2026** **7:45—7:55 PM**

---

১) লোকসভায় আজ লোক পরীক্ষা ( অসৎ উপায় প্রতিরোধ ) সংশোধনী বিল ২০২৬ গৃহীত ।

২) রাজ্যের বন্যা পরিস্থিতি সামান্য উন্নত । রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্যের সর্বাধিক ক্ষতিগ্রস্ত চারটি জেলা সহ রাজ্যের বন্যা পরিস্থিতির পর্যালোচনা ।

৩) আসাম বিধানসভার বাজেট অধিবেশনের আজ শেষ দিনে জমি ও রাজস্ব নিয়ন্ত্রন সংশোধনী বিল গৃহীত ।
এবং

৪) জাতীয় মানবাধিকার কমিশনের উধারবন্দের পানগ্রামের রড কারখানার বিস্ফোরণের ঘটনা সম্পর্কে বিস্তারিত প্রতিবেদন দুসপ্তাহের মধ্যে জমা দেওয়ার নির্দেশ ।

-----------------------------------------------------------------------------------

লাকসভায় আজ লোক পরীক্ষা ( অসত উপায় প্রতিরোধ ) সংশোধনী বিল ২০২৬ গৃহীত হয় । এই বিলটিতে লোক পরীক্ষা (অসৎ উপায় প্রতিরোধ ) আইন ২০২৪ এর সংশোধন করা হয়েছে ।এই বিলটিতে দোষী সাব্যস্ত হওয়া লোকেদের ১০ বছর পর্যন্ত কারাবাস , ১০ কোটি টাকা পর্যন্ত জরিমানা এবং দোষীদের সম্পত্তি বাজেয়াপ্ত করা সহ কয়েকটি গুরুত্বপূর্ণ ব্যবস্থা অন্তর্ভুক্ত করা হয়েছে ।পরীক্ষা সম্পর্কীত বিচার প্রক্রিয়া দ্রুত করার জন্য এই বিলের অধীনে প্রত্যেক রাজ্য সরকার এবং কেন্দ্রশাসিত অঞ্চলকে বিশেষ ফাস্ট ট্র্যাক আদালত গঠন করা বাধ্যতামূলক করা হয়েছে ।এই অনুযায়ি পুলিশ থানায় দায়ের হওয়া মামলার তদন্ত প্রক্রিয়া দুমাসের মধ্যে সম্পূর্ণ হতে হবে এবং চার্জশিট দাখিলের তিন মাসের মধ্যে বিচার প্রক্রিয়া সম্পূর্ণ হতে হবে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যের বন্যা পরিস্থিতি কিছুটা উন্নত হয়েছে তবে সাতটি জেলার বিস্তীর্ণ অঞ্চল এখনো বন্যার জলে প্লাবিত রয়েছে ।সরকারী প্রতিবেদন অনুযায়ি শিবসাগর , গোলাঘাট , চরাইদেও , শোনিতপুর , যোরহাট , নগাঁও ,এবং কামরূপ মহানগর জেলার বহু অঞ্চল এখনও বন্যা প্রভাবিত রয়েছে ।রাজ্যে এবারের বন্যায় এপর্যন্ত ৭৫ জনের মৃত্যু হয়েছে ।

রাজ্যপাল লক্ষ্মণ প্রসাদ আচার্য আজ লোকভবনে অনুষ্ঠিত এক বৈঠকে রাজ্যের বন্যা পরিস্থিতির পর্যালোচনা করেন ।শ্রী আচার্য উদ্ধার ও সাহায্য অভিযান অব্যাহত রাখতে এবং বন্যায় ক্ষতিগ্রস্থ লোকেদের সময়মতো সবধরণের সাহায্য লাভ করার বিষয়টি নিশ্চিত করতে সংশ্লিষ্ট বিভাগগুলোকে নির্দেশ দেন ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ টেলিফোনে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার সঙ্গে রাজ্যের বন্যা পরিস্থিতির খোঁজ নেন । স্বরাষ্ট্র মন্ত্রী সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ লোকেদের পুনর্বাসন এবং সহায়তা প্রদান সহ বিভিন্ন দিক নিয়ে মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনা করেন । কেন্দ্রীয় সরকার এই পরিস্থিতিতে সবধরণের সহযোগিতা করবে বলে তিনি আশ্বাস দেন । মুখ্যমন্ত্রী ডঃ শর্মা সামাজিক মাধ্যমে একথা প্রকাশ করে স্বরাষ্ট্র মন্ত্রীর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন ।

এদিকে রাজ্য সরকার বন্যায় ক্ষতিগ্রস্থ অঞ্চলগুলোতে সাহায্য সামগ্রী ব্যিতরণ প্রক্রিয়া অব্যাহত রয়েছে বলে জানায়।ক্ষতিগ্রস্থ লোকেরা যাতে খাদ্য সামগ্রী শিশুখাদ্য , পানীয় জল সহ অন্যান্য অত্যাবশ্যকীয় সামগ্রী নিয়মিত লাভ করতে পারে সেই বিষয়ে সুনিশ্চিত করা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------

আসাম বিধানসভার চলতি বাজেট অধিবেশনের আজ সমাপ্ত হয়েছে । আপার আসামের ৪ টি জেলার বন্যা পরিস্থিতির জন্য নির্ধারিত সময়ের দুদিন আগে এই অধিবেশনের আজ সমাপ্তি হয় । অধিবেশনের শেষ দিনে আজ জমি ও রাজস্ব নিয়ন্ত্রন সংশোধনী বিল গৃহীত হয় । এই বিলের মাধ্যমে সত্রের জমি ক্রয় বিক্রয় নিয়ে সংশোধনী আনা হয়েছে । রাজ্যের সত্রগুলির ৫ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে শুধু তিন প্রজন্মের লোকেরা জমি কেনা বেচা করতে পারবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বিধানসভায় একথা জানিয়ে বলেন যে আগের থেকে ম্যাদী পাট্টা থাকা লোকেরা সত্রের জমিতে বাস করতে পারবে । ধর্মীয় অনুষ্ঠানে ৫ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে জমির পাট্টা না থাকা বা অকতৃত্বশীলভাবে বসবাস করা লোককে উচ্ছেদ করা হবে বলে মুখ্যমন্ত্রী মন্তব্য করেন । মাজুলী , বরপেটা , বরদোয়া সত্র , রংঘর , কারেংঘরের ৫ কিলোমিটার ব্যাসার্ধের

মধ্যে বহিরাগত লোক জমি ক্রয় করতে পারবেনা । ২৫০ বছর পুরোণো ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে ।

বাইট ( মুখ্যমন্ত্রী )

---

বিধানসভায় আজ আসাম রাজ্য উচ্চ শিক্ষা পরিষদ বিল ২০২৬ গৃহীত হয় । এই বিলটি রাজ্যের উচ্চ শিক্ষার পথ প্রদর্শক , সমন্বয় স্থাপন ও শক্তিশালী করার জন্য আসাম রাজ্য উচ্চ শিক্ষা পরিষদকে শীর্ষ সংস্থা হিসেবে গঠনের পথ প্রশস্ত করবে । এই বিলটি রাজ্যের মহাবিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়গুলির পরিকল্পিত ও প্রমাণ ভিত্তিক উন্নয়ন সুনিশ্চিত করার জন্য রাজ্য উচ্চ শিক্ষা পরিকল্পনা প্রস্তুত করবে । সামাজিক মাধ্যমে এক বার্তায় শিক্ষা মন্ত্রী ডা: রণোজ পেগু বলেন যে এই বিলটি জাতীয় শিক্ষানীতি ২০২০ র সমান্তরালভাবে দায়বদ্ধ ও ভবিষ্যমুখী উচ্চ শিক্ষা ব্যবস্থা গড়ে তোলার ক্ষেত্রে রাজ্য সরকারের প্রতিশ্রুতিবদ্ধতা প্রতিফলিত করছে ।

---

সমগ্র দেশে আজ গুরু পূর্নিমা উদযাপন করা হয়েছে । ব্যাস পূর্নিমারুপে ও পরিচিত এই উৎসব আধ্যাত্মিকতা ও শিক্ষাগুরুর প্রতি গভীর শ্রদ্ধার প্রতীকস্বরুপ । আজকের এই বিশেষ উৎসবে জনসাধারণ তাদের জীবনে জ্ঞানের আলো প্রদান করা শিক্ষাগুরুর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন ।

বুদ্ধত্ব প্রাপ্তির পর ভগবান বুদ্ধ আজকের এই পবিত্র দিনটিতে তাদের অনুগামী ও শিষ্যদের প্রথম ধর্মপোদেশ দিয়েছিলেন ।

---

এদিকে শিলচর তারাপুর চান্দঁমারীর ভারত সেবাশ্রম সংঘের মন্দির প্রাঙ্গনেও আজ যথাযোগ্য মর্য্যাদায় গুরু পূর্নিমা পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে বৈদিক পূজা , কীর্তন ও ধর্ম সভার আয়োজন করা হয়েছে ।

---

জাতীয় মানবাধিকার কমিশনের পক্ষ থেকে কাছাড় জেলার উধারবন্দ পানগ্রামে সম্প্রতি রড কারখানার বিস্ফোরণের ঘটনা সম্পর্কে রাজ্যের মূখ্য সচিব এবং কাছাড়ের পুলিশ সুপারের কাছে দু সপ্তাহের মধ্যে বিস্তারিত প্রতিবেদন জমা দেবার নির্দেশ দেওয়া হয়েছে । কমিশনের পক্ষ থেকে রড কারখানার ঘটনায় আহতদের বর্তমান শারীরিক অবস্থার পাশাপাশি নিহতদের নিকট আত্মীয় ও আহত শ্রমিকদের ক্ষতিপূরণ প্রদানের অগ্রগতির বিষয়েও বিস্তারিত তথ্য অর্ন্তভুক্ত করতে নির্দেশ দেওয়া হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

আজ আন্তর্জাতিক ব্যাঘ্র দিবস ।বাঘ সংরক্ষণের ক্ষেত্রে সচেতনতা গড়ে তুলতে প্রতি বছর ২৯ জুলাই দিনটি আন্তর্জাতিক ব্যাঘ্র দিবস হিসেবে পালন করা হয় ।রাজ্যের বিভিন্ন স্থানেও আজ এই দিবস উপলক্ষে বিভিন্ন সচেতনতামূলক কার্যসূচীর আয়োজন করা হয় । মানস জাতীয় উদ্যান , ওরাং জাতীয় উদ্যানেও আজ এই দিবস উপলক্ষে সচেতনা সভার আয়োজন করা হয় ।বাঘ সংরক্ষণের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করার জন্য মমী বসুমাতারী , মৌসুমী দাস এবং গৌমসার স্বাইনারীকে নতুন দিল্লীতে জাতীয় ব্যাঘ্র সংরক্ষণ কর্তৃপক্ষ পুরস্কার প্রদান করা হয়েছে।

------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তীতে জনগণনার সঙ্গে যুক্ত সব আধিকারীক ও কর্মচারীকে জনগননা আইন-১৯৪৮ এর বিধান অনুযায়ী নিষ্ঠা ও দায়িত্বের সঙ্গে তাদের উপর অর্পিত কর্তব্য পালনের নির্দেশ দেওয়া হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে যদি কোন আধিকারীক বা কর্মচারী , তার উপর অর্পিত দায়িত্ব পালনে অস্বীকৃতি হন , অর্পিত দায়িত্ব পালন না করেন  , তবে তার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে । জনগননা আইন-১৯৪৮ এর ধারা অনুযায়ী , এধরনের অপরাধের জন্য সর্বোচ্চ এক হাজার টাকা জরিমানার বিধান রয়েছে । পাশাপাশি দোষী সাব্যস্ত হলে সংশ্লিষ্ট ব্যাক্তিকে নির্ধারিত জরিমানার পাশাপাশি সর্বোচ্চ তিন বছর পর্য্যন্ত কারাদন্ড ভোগ করতে হবে । নির্দেশিকায় আরো বলা হয়েছে যে জনগননার কাজে যুক্ত কোন আধিকারীক বা কর্মচারীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া  কোন অবস্থাতেই নৈমিত্তিক ছুটি , সি এল । অর্জিত ছুটি ,ই এল , চাইল্ড কেয়ার লিভ , সি সি এল বা অন্য কোন ধরনের ছুটি মঞ্জুর করা যাবে না ।

------------------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে নিউ হারেঙ্গাজাও রেল স্টেশনের এক ও দু নম্বর রেল রুটে সংস্কার কাজের জন্য বদরপুর-লামডিং পাহাড় লাইনে বেশ কিছু ট্রেনের যাত্রা বাতিল করা হয়েছে এবং কিছু ট্রেনের সময়সূচীর পরিবর্তন করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে আগামীকাল ও আগামী শুক্রবারের শিলচর-গুয়াহাটী এবং গুয়াহাটী-শিলচর যাত্রী ট্রেন বাতিল করা হয়েছে । এছাড়া নারেঙ্গী - আগরতলা, সাইরাং-গুয়াহাটী , শিলচর-রঙ্গিয়া , আগরতলা-ফিরোজপুর কান্ট এবং শিলচর-তিরুবনন্তপুরম সেন্ট্রাল এক্সপ্রেস ট্রেনের যাত্রার সময়সূচী পরিবর্তন করা হয়েছে ।

------------------------------------------------------------------------------------------

রাজ্যের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং শিবদূর্গা ক্লাবের সহযোগীতায় আয়োজিত ১৫ দিনের গ্রীষ্মকালীন সাংস্কৃতিক কর্মশালা আজ হাইলাকান্দিতে শেষ হয়েছে । জেলার দুটি বিধানসভা কেন্দ্রের অর্ন্তগত চারটি বিদ্যালয়ে অনুষ্ঠিত এই কর্মশালার মূল লক্ষ্য ছাত্র-ছাত্রীদের সৃজীনশীল প্রতিভা বিকাশের সঙ্গে সাংস্কৃতিক এবং মানসিক দক্ষতা বৃদ্ধি করা । আজ ভিক্টোরিয়া মেমোরিয়াল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে অনুষ্ঠিত সমাপ্তী অনুষ্ঠানে অতিরিক্ত আয়ুক্ত অন্তরা সেন , সহকারী আয়ুক্ত প্রসেনজিৎ দে , বিদ্যালয়ের অধ্যক্ষা রাজশ্রী সরকার , সমাজকর্মী লালন প্রসাদ গোয়ালা , জেলা সাংস্কৃতিক আধিকারীক স্নেহাংশু শেখর রায় প্রমূখ উপস্থিত ছিলেন । এ বিষয়ে অতিরিক্ত আয়ুক্ত শ্রীমতি সেন জানান-----

বাইট
-----------------------------------------------------------------------------------------